

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

بَابُ السَّلَم وَالرَّهْنِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الظَّهْرُ يُرْكَبُ بِنَفَقَتِهِ إِذَا كَانَ مَرْهُونًا وَعَلَى الَّذِي يُرْكَبُ بِنَفَقَتِهِ إِذَا كَانَ مَرْهُونًا وَعَلَى الَّذِي يركب وَيشْرب النَّفَقَة» . رَوَاهُ البُخَارِي

বাংলা

২৮৮৬-[8] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আরোহণের পশু বন্ধক রাখলে, তার উপর আরোহণ করা যাবে, অবশ্য এর ব্যয়ভারও বহন করতে হবে। তবে দুগ্ধবতী পশু বন্ধক রাখলে, এর দুগ্ধ দোহন (পান) করা যাবে, তখন এর ব্যয়ভারও বহন করতে হবে। আরোহণের এবং দুধ পান করার অধিকার যার রয়েছে তাকেই ব্যয়ভার বহন করতে হবে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৫১২, আবূ দাউদ ৩৫২৬, তিরমিয়ী ১২৫৪, ইবনু মাজাহ ১৪৪০, আহমাদ ১০১১০, ইরওয়া ১৪০৯, সহীহ আল জামি' ৩৯৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে তাদের পক্ষে দলীল রয়েছে, যারা বলেনঃ বন্ধককৃত প্রাণীর পিঠে সওয়ার হওয়া এবং তার দুধ দোহন করা বৈধ। এ ক্ষেত্রে মালিকের অনুমতির প্রয়োজন নেই। আর এটাই আহমাদ, ইসহক এবং একদল 'উলামার মত। তারা বলেন যে, বন্ধকী প্রাণীর পিঠে সওয়ার ও তার দুধ দোহন করা বৈধ তবে শর্ত হলো, তার পেছনে যতটুকু খরচ হবে সে খরচ অনুপাতে তা থেকে উপকার গ্রহণ বৈধ। এ দু'টি ছাড়া অন্য কোনো উপকার গ্রহণ বৈধ নয়। 'আল্লামা ইবনু 'আদিল বার (রহঃ)-এর বক্তব্য হলো, হাদীসটি মানসূখ। দলীল- ইবনু 'উমার কর্তৃক বর্ণিত হাদীস, ''কারো প্রাণীর দুধ দোহন করো না তার অনুমতি ব্যতীত''।



'আল্লামা শাওকানী (রহঃ) বলেনঃ মূল কথা হলো, হাদীসটি মুহকাম, মানসূখ নয়। সুতরাং এটি শার্জ বিধান হতে পরিত্যাজ্য নয়। এটা এ মর্মে সুস্পষ্ট দলীল, বন্ধকী প্রাণীর উপর সওয়ারী হওয়া ও দুধ পান করা তার প্রতি খরচ অনুযায়ী বৈধ। আল্লাহই ভালো জানেন। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৫১২; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন